# SRI SRI KAIBALYADHAM

38, RAM THAKUR SARANI
JADAVPUR
KOLKATA - 700 032
PHONE : 033-2412 5566
E-mail : kaibalyadhamjadavpur@yahoo.co.in
Website : www.shrishrikaibalyadhamjadavpur.org


Ref. No.: ..........................

Dated : ৪ঠা আশ্বিন , ১৪৩৩

জয় রাম !                                                                 জয় রাম !

## শ্রীশ্রীকৈবল্যনাথায় নমঃ

## বিশেষ প্রতিবাদ ও নিন্দা প্রস্তাব

আমাদের পরমারাধ্য গুরুদেব পরমেষ্ঠী গুরু শ্রীশ্রীকৈবল্যনাথ তথা শ্রীশ্রীসত্যনারায়ণ তথা শ্রীশ্রীরামঠাকুরের পবিত্র জন্মভূমি ডিঙ্গামাণিক, ফরিদপুর অধুনা শরিয়তপুর, বাংলাদেশে অবস্থিত শ্রীশ্রীঠাকুরের জন্মভিটা - সমগ্র বিশ্ব ভূমন্ডলের কোটি কোটি ভক্ত, অনুরক্ত, আশ্রিত, অনাশ্রিত - সকলের নিকট এক পবিত্র দেবভূমি ও তীর্থস্থান। এই পবিত্র তীর্থস্থানের প্রতিটি ধূলিকণা, প্রতিটি স্থাপনা, ইট, পাথর, বৃক্ষলতা, গৃহ সবই ভক্তগণের প্রাণকে স্পর্শ করে ও স্বর্গীয় আনন্দ প্রদান করে। এমতাবস্থায় শ্রীশ্রীঠাকুরের বিধি বিধান অগ্রাহ্য করে, সমগ্র বিশ্বের সমস্ত রামমন্ডলীর মন্দির ও শ্রীধামের শ্রীশ্রীকৈবল্যনাথের সপ্তম মোহন্ত মহারাজ তথা বিশ্ব রামমন্ডলীর সর্বময় প্রধান শ্রীমৎ কালীপদ ভট্টাচার্য্য মহোদয়ের অনুমতি ব্যতীত ডিঙ্গামাণিক শ্রীশ্রীসত্যনারায়ণ সেবা মন্দিরের তথাকথিত সভাপতি ও সম্পাদক কর্ত্তৃক সংস্কার ও সংরক্ষণের দোহাই দিয়ে অহংকার, ঔদ্ধত্য ও কর্ত্তৃত্বের বহিঃপ্রকাশ ঘটিয়ে প্রাচীন মন্দিরটিকে ধ্বংস ও পীঠস্থানকে অপবিত্র করার জন্যে আমরা জানাই তীব্র ধিক্কার - তীব্র নিন্দা। আমরা মর্মাহত, স্তব্ধ ! এই ঘৃণ্য কাজের জন্য ঐ কুচক্রী মহলের উপযুক্ত শাস্তির জন্য সংশ্লিষ্ট প্রশাসনের নিকট দাবী জানাই।

কার্য্যকরী সমিতি
শ্রীশ্রীকৈবল্যধাম, যাদবপুর
কলকাতা, ভারতবর্ষ